# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 28-04-2025** **Time: 7.35 A.M.**

---

## বিশেষ বিশেষ খবরঃ-

১) কলকাতা হাইকোর্টে আজ ২০১৬ সালের প্রাথমিকে ৩২ হাজার চাকরি বাতিল সংক্রান্ত মামলার শুনানি হবে।

মধ্যশিক্ষা পর্ষদের অফিসের সামনে চাকরীহারা শিক্ষা কর্মীদের অনশন আজ সপ্তম দিনে পড়ল।

২) কাশ্মীরের পহেলগাঁওতে সন্ত্রাসবাদী হামলার অপরাধী ও ষড়যন্ত্রকারীদের কঠোরতম জবাব দেওয়া হবে বলে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আকাশবাণীতে মন কি বাত অনুষ্ঠানে জানিয়েছেন।

দেশের মধ্যে থাকা শত্রুদের চিহ্নিত করে সাজা দেওয়ার দাবি করেছে বিজেপি।

৩) কেওয়াইসি প্রক্রিয়া একশো শতাংশ সম্পূর্ণ না হলে জাতীয় খাদ্য সুরক্ষা প্রকল্পে রেশনে বরাদ্দ স্থগিত হয়ে যাবে বলে কেন্দ্র জানিয়েছে।

৪) অক্ষয় তৃতীয়ার দিন দীঘার জগন্নাথ মন্দিরের দ্বারোদ্ঘাটন অনুষ্ঠানের উদ্বোধন করবেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী।

৫) রাজ্যের বিভিন্ন জেলায় আগামী কয়েকদিন বিক্ষিপ্তভাবে ঝড় বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আবহাওয়া দপ্তর।

---

কলকাতা হাইকোর্টে আজ ২০১৬ সালের প্রাথমিকের ৩২ হাজার চাকরি বাতিল সংক্রান্ত মামলার শুনানি হবে। বিচারপতি তপব্রত চক্রবর্তী ও বিচারপতি ঋতব্রত কুমার মিত্রের ডিভিশন বেঞ্চে মামলার শুনানি হবে। সুপ্রিমকোর্ট ২০১৬ সালেই স্কুল সার্ভিস কমিশনের মাধ্যমে নিযুক্ত প্রায় ২৬ হাজার শিক্ষক ও শিক্ষাকর্মীর চাকরি বাতিলের নির্দেশ দেওয়ার পর থেকে উদবেগে রয়েছেন প্রাথমিকের কর্মরত শিক্ষক শিক্ষিকারা।

উল্লেখ্য এপটিটিউড টেস্ট না নেওয়া, ওএমআর জালিয়াতি, সংরক্ষণের নীতি না মানা, র‍্যাঙ্ক জাম্প-এর মত একাধিক অভিযোগে এই মামলা দায়ের হয়েছিল। ২০২৩-এবিচারপতি অভিজিৎ গঙ্গোপাধ্যায় ৩২ হাজার চাকরি বাতিলের নির্দেশও দিয়েছিলেন। যদিও ডিভিশন বেঞ্চ সেই নির্দেশে স্থগিতাদেশ দেয়।

----------------

মধ্যশিক্ষা পর্ষদের অফিসের সামনে চাকরিহারা শিক্ষাকর্মীদের অনশন আজ সপ্তম দিনে পড়ল। যোগ্য ও অযোগ্যদের তালিকা প্রকাশ ও চাকরিতে পুনর্বহাল না করলে অনশন চলবে বলে জানিয়েছেন গ্রুপ সি ও গ্রুপ ডি শিক্ষাকর্মীরা। গত সোমবার থেকে মধ্যশিক্ষা পর্ষদের অফিসের সামনে ধর্না ও অনশন চালাচ্ছেন চার শিক্ষাকর্মী। অন্যদিকে, আজ হাজরা মোড় থেকে কালীঘাট পর্যন্ত মিছিলের ডাক দিয়েছেন চাকরিহারা শিক্ষকদের একটি অংশ।

উল্লেখ্য, গতকাল শিক্ষাকর্মীদের প্রতিনিধিদলের সঙ্গে নবান্নে বৈঠক করেন মুখ্যসচিব মনোজ পন্থ। বৈঠকে ফোনে শিক্ষাকর্মীদের সঙ্গে কথা বলে মুখ্যমন্ত্রী প্রস্তাব দেন, যতদিন না রায় পুনর্বিবেচনার মামলার নিষ্পত্তি হচ্ছে ততদিন গ্রুপ সি শিক্ষা

কর্মীদের মাসে ২৫ হাজার টাকা ও গ্রুপ ডি শিক্ষা কর্মীদের মাসে কুড়ি হাজার টাকা আর্থিক সাহায্য দেওয়া হবে।

আন্দোলনকারীদের তরফে সুজয় সর্দার বলেন, সরকার তালিকা প্রকাশ করতে চাইছে না। এছাড়া আর্থিক সাহায্য কারা, কত দিন পাবেন সে ব্যাপারে সরকার নির্দিষ্টভাবে না জানালে তারা তা নেবেন না।

----------------

কাশ্মীরের পহেলগাঁও-তে সন্ত্রাসবাদী হামলার অপরাধী ও ষড়যন্ত্রকারীদের কঠোরতম জবাব দেওয়া হবে বলে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ফের জানিয়েছেন। গতকাল আকাশবাণীতে মন-কি-বাতের ১২১-তম পর্বে প্রধানমন্ত্রী বলেন, আক্রান্তদের পরিবারের জন্য ন্যায় বিচার সুনিশ্চিত করবে সরকার।

(বাইট)

মুর্শিদাবাদের জঙ্গীপুরের ম্যানেজমেন্ট ডেভলপমেন্ট ইনস্টিটিউটের সমাবর্তনে যোগ দিয়ে কেন্দ্রীয় শিক্ষা প্রতিমন্ত্রী ডঃ সুকান্ত মজুমদার মন-কি-বাতের সরাসরি সম্প্রচারে যোগ দেন।

----------------

কাশ্মীর ও মুর্শিদাবাদে নিহতদের প্রতি শ্রদ্ধা জানাতে বিজেপির রাজ্য নেতৃত্ব গত সন্ধ্যায় এক কর্মসূচী পালন করে। ২৬ টি প্রদীপ জ্বালিয়ে কর্মসূচির সূচনা করা হয়। মুর্শিদাবাদের বহরমপুরে ২৬ টি প্রদীপ জ্বালিয়ে শ্রদ্ধা জানান দলের রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার। দেশের মধ্যে থাকা শত্রুদের চিহ্নিত করে সাজা দিতে হবে বলেও তিনি মন্তব্য করেন।

বাইট

পুর্ব মেদিনীপুরের কাঁথিতে প্রদীপ প্রজ্বলন করে শ্রদ্ধা জ্ঞাপন করেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। কলকাতায় বিশেষ কর্মসূচী পালন করে বিজেপি যুব মোর্চাও।

সংস্কার ভারতী পশ্চিমবঙ্গ, দক্ষিণবঙ্গ প্রান্ত, জেলায় জেলায় ২৬ প্রদীপ জ্বালিয়ে নিহতদের প্রতি শ্রদ্ধা নিবেদন করেছে। হাওড়া নগর জেলা-র উদ্যোগে গত সন্ধ্যায় এক বিশেষ শ্রদ্ধাঞ্জলি অনুষ্ঠান আয়োজিত হয় হাওড়ার মন্দিরতলা বাসস্ট্যান্ডে। পালন করা হয় ২ মিনিটের নীরবতা। স্থানীয় বহু মানুষ এতে অংশ গ্রহণ করেন।

পহেলগাঁয়ের ঘটনার প্রতিবাদে গতকাল বিকেলে পশ্চিম বর্ধমানের পানাগড়ের রনডিহা মোড়ে হিন্দু মুসলমান উভয় সম্প্রদায়ের মানুষজন পথে নামেন। পানাগড় রামনবমী কমিটির উদ্যোগে মিছিল করা হয়।

----------------

পাঞ্জাবের ফিরোজপুরে পাক বাহিনীর হাতে আটক হুগলীর বাসিন্দা বিএসএফ-এর কনস্টেবল পূর্ণম কুমার সাউ এখনও ছাড়া পাননি। তাঁর মুক্তির জন্য পাক বাহিনীর সঙ্গে দফায় দফায় বৈঠক হয়েছে বিএসএফ-এর। তবে মেলেনি সামাধান সূত্র। এর মধ্যেই গতকাল রিষড়া থেকে ঐ বিএসএফ জওয়ানের স্ত্রী ও পরিবারের সদস্যরা ফিরোজপুরের উদ্দেশে রওনা হয়েছেন। বিএসএফ-এর তরফে পরিবারের সঙ্গে প্রতিনিয়ত যোগাযোগ রাখা হচ্ছে। তাঁদের সঙ্গে কথা বলেছেন রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীও।

উল্লেখ্য পাঞ্জাবের ফিরোজপুরে সীমান্তে টহল দেওয়ার সময় ভুল করে ঐ বিএসএফ জওয়ান পাক ভূখন্ডে ঢুকে পড়েন বলে জানা গেছে।

----------------

জাতীয় খাদ্য সুরক্ষা প্রকল্পে গ্রাহকদের ই কেওয়াইসি প্রক্রিয়া চলতি মাসের মধ্যে একশো শতাংশ সম্পূর্ণ না হলে ভর্তুকি বা খাদ্যশস্য বরাদ্দ স্থগিত হয়ে যাবে বলে কেন্দ্র জানিয়েছে। কেন্দ্রীয় খাদ্য ও গনবন্টন মন্ত্রক, এই মর্মে ইতমধ্যেই পশ্চিমবঙ্গ সহ সব রাজ্যকে চিঠি দিয়েছে। খাদ্য দপ্তরের তরফে পাওয়া তথ্য অনুযায়ী, এরাজ্যে ৯৪.৪/৮ শতাংশ গ্রাহকের ই কেওয়াইসি ইতমধ্যেই সম্পূর্ণ হয়েছে।

উল্লেখ্য, রেশন বন্টন ব্যবস্থায় স্বচ্ছতা আনতে অনলাইনে গ্রাহকের আধারের বায়োমেট্রিক যাচাই করা হয়।

----------------

কলকাতা মেট্রো রেলের গ্রিন লাইনের এসপ্লানেড - শিয়ালদা অংশে খুব তাড়াতাড়ি পরিষেবা শুরু হবে বলে মনে করা হচ্ছে। গতকাল কমিশনার অফ রেলওয়ে সেফটি NF circle সুমীত সিজ্ঘল গতকাল এই অংশের প্রস্তুতি পরিদর্শন করেছেন। ট্র্যাক, টানেল, টানেল ভেন্টিলেশন সিস্টেম, মেট্রো ট্রেন চলাচলের সমস্ত রকম ব্যবস্থাপনা খতিয়ে দেখেন তিনি। যাত্রী পরিষেবার জন্য সম্পূর্ন প্রস্তুতি নিয়ে কমিশনার অফ রেলওয়ে সেফটি সন্তোষ প্রকাশ করেছেন। আনুষ্ঠানিক ভাবে অনুমোদন পাওয়া গেলে গ্রিন লাইনে সল্টলেক সেক্টর ফাইভ থেকে হাওড়া ময়দান পর্যন্ত ১৬ দশমিক ৫৫ কিলোমিটার পথে ট্রেন চলাচলের পরিকল্পনা নেওয়া হবে বলে মেট্রো রেল সূত্রের খবর।

----------------

অক্ষয় তৃতীয়ার পুণ্য তিথিতে আগামী বুধবার দিঘার জগন্নাথ মন্দিরের দ্বারোদ্ঘাটন। উদ্বোধন করবেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি। ওইদিন জগন্নাথ দেবের প্রাণ প্রতিষ্ঠা হবে। মন্দির সহ চারপাশ আলোর মালায় সেজে উঠেছে। উদ্বোধনী অনুষ্ঠান উপলক্ষে ভিড় সামাল দিতে বাস পরিষেবা বাড়ানোর সিদ্ধান্ত নিয়েছে রাজ্য সরকার। কোনোরকম অপ্রীতিকর ঘটনা এড়াতে নিরাপত্তা ব্যবস্থা জোরদার করা হয়েছে।

এদিকে, মন্দিরের উদ্বোধনী অনুষ্ঠানে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীকে আমন্ত্রণ জানানো হয়েছে। সাংবাদিকদের বিরোধী দলনেতা বলেন, হিডকোর ভাইস চেয়ারম্যান এইচ কে দ্বিবেদী তাঁকে এই আমন্ত্রণ পত্র পাঠিয়েছেন। তবে শ্রী অধিকারী হিডকোর চেয়ারম্যানের কাছে জগন্নাথ ধামের বিষয়ে কয়েকটি প্রশ্নের উত্তর জানতে চেয়েছেন।

বাইট

----------------

রাজ্যের প্রাক্তন মন্ত্রী, সিপিআইএম নেতা বংশগোপাল চৌধুরীকে দল থেকে বহিস্কার করা হয়েছে। দলেরই এক মহিলা নেত্রীকে সমাজ মাধ্যমে কুরুচিকর বার্তা পাঠানোর অভিযোগ রয়েছে তার বিরুদ্ধে। যদিও বংশগোপাল চৌধুরীর দাবি, পরিকল্পনা করে তাঁকে ফাঁসানো হয়েছে। এর বিরুদ্ধে তিনি আইনগত পদক্ষেপ নেবেন।

এদিকে, এই ঘটনায় শুরু হয়েছে রাজনৈতিক চাপানোতর। বিজেপি নেত্রী অগ্নিমিত্রা পাল বলেছেন, বামেদের মুখ আর মুখোশ আলাদা হয়ে গেছে। তাই তাদের অস্তিত্বও তলানিতে। তৃনমূল কংগ্রেস নেতৃত্বও এই ঘটনার নিন্দা করেছেন।

----------------

পূর্ব বর্ধমানের দেওয়ানদিঘি থানার তালিত গ্রামে সালিশী সভা চলাকালীন স্ত্রীর ছুরির আঘাতে এক ব্যক্তি গুরুতর জখম হয়েছেন। জানা গেছে, দিঘিরপাড়ের বাসিন্দা রকি শেখের সঙ্গে তাঁর স্ত্রী জোনাকি খাতুনের বেশ কয়েকদিন ধরে সমস্যা চলছিল। গতকাল তৃণমূল কংগ্রেসের কার্যালয়ে একটি সালিশী সভা ডাকা হয়। সভা চলাকালীন জোনাকি খাতুন একটি ছুরি নিয়ে রকিকে আঘাত করে। এরপরই পরিস্থিতি উত্তপ্ত হয়ে ওঠে। জোনাকি খাতুনকে আটক করেছে পুলিশ।

----------------

পরিকাঠামো সংক্রান্ত কাজের জন্য দক্ষিণ পূর্ব রেলের আদ্রা ডিভিশনে আগামী এক সপ্তাহ ট্রেন চলাচল নিয়ন্ত্রণ করা হবে। আসানসোল-আদ্রা মেমু আজ এবং আগামী বুধবার, শুক্র ও রবিবার বাতিল থাকছে। আসানসোল-পুরুলিয়া মেমু বাতিল থাকছে আগামী রবিবার। ঝাড়গ্রাম-ধানবাদ মেমু এক্সপ্রেস বাতিল থাকবে আজ এবং বৃহস্পতিবার। বেশ কয়েকটি ট্রেনের যাত্রাও সংক্ষিপ্ত করা হয়েছে।

----------------

রাজ্যের বিভিন্ন জেলায় আগামী কয়েকদিন বিক্ষিপ্তভাবে ঝড় বৃষ্টির পুর্বাভাস দিয়েছে আলিপুর আবহাওয়া দপ্তর। বৃষ্টির হাত ধরে রাজ্যের পশ্চিমের জেলাগুলিতে তাপমাত্রা প্রায় পাঁচ ডিগ্রি পর্যন্ত নেমে যেতে পারে বলে জানিয়েছেন আবহাওয়া দপ্তরের বিজ্ঞানী সৌরিশ বন্দ্যোপাধ্যায়।

বাইট

উত্তরবঙ্গের দার্জিলিং, জলপাইগুড়ি ও আলিপুরদুয়ারে দমকা হাওয়ার সঙ্গে ঝড় বৃষ্টি হতে পারে। আজ কলকাতায় সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়- ২৭ দশমিক ৯ ডিগ্রী সেলসিয়াস যা স্বাভাবিকের চেয়ে প্রায় ২ ডিগ্রী বেশী। সর্ব্বোচ্চ তাপমাত্রা ২৪ ডিগ্রীর আশেপাশে থাকার সম্ভাবনা।

----------------

৩৯ তম দার্জিলিং জেলা দাবা চ্যাম্পিয়ানশিপ গতকাল শিলিগুড়ির ফুলবাড়িতে আয়োজিত হয়েছে। দার্জিলিং জেলা দাবা অ্যাসোসিয়েশন আয়োজিত এই প্রতিযোগিতায় জেলার বিভিন্ন প্রান্ত থেকে শতাধিক খেলোয়াড় অংশগ্রহণ করেন। বিজয়ীরা রাজ্যস্তরের প্রতিযোগিতায় অংশ নেবেন বলে জানা গেছে।

---------------- ----------------